13 APR 2016

সংবাদ

# চারঘাটে তথ্যমেলা

প্রতিনিধি, চারঘাট (রাজশাহী)

রাজশাহীর চারঘাট উপজেলা পরিষদ চত্বরে গত সোমবার দুর্নীতিরোধে র‍্যালি, মানববন্ধন, আলোচনা সভা, তথ্যমেলা ও গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। সকালে ফিতা কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন দুর্নীতি দমন কমিশনের কমিশনার ড. নাসির উদ্দিন আহমেদ। ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা জাকিউল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কশিনার ড. নাসির উদ্দিন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে ছিলেন দুদক পরিচালক আবু সাইদ, পুলিশ সুপার নিশারুল আরিফ, সনাক সভাপতি অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, সিনিয়র প্রোগ্রাম ব্যবস্থাপক (টিআইবি) শফিকুর রহমান, উপজেলা চেয়ারম্যান আবু সাঈদ চাঁদ ও পৌরসভা চেয়ারম্যান জাকিরুল ইসলাম বিকুল।